ইষ্টার্ন কেবল্‌স্ লিমিটেড
উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

**"বিশ্বমানের ইষ্টার্ন কেবলস্ নিশ্চিত করে নিরাপদ জীবন"**

# ৩৯তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এ মর্মে বিজ্ঞপ্তি প্রদান করা যাচ্ছে যে, ইষ্টার্ন কেবল্‌স লিমিটেড (ইসিএল)-এর ৩৯তম বার্ষিক সাধারণ সভা নিম্নলিখিত বিষয়াদি সম্পাদনকল্পে আগামী ২৪ জানুয়ারি,২০২৬, রোজ শনিবার, সকাল ১১:০০ ঘটিকায় সম্মেলন কক্ষ, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন, ১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকায় সরাসরি ও অনলাইনে (হাইব্রিড) অনুষ্ঠিত হবেঃ

১। ৩০ জুন ২০২৫ তারিখে সমাপ্ত অর্থবছরের কোম্পানির নিরীক্ষিত স্থিতিপত্র, লাভ-লোকসানের হিসাব ও নিরীক্ষকের প্রতিবেদন এবং কোম্পানির পরিচালকমন্ডলীর বার্ষিক প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।
২। পরিচালকমন্ডলীর সুপারিশকৃত ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য নো ডিভিডেন্ট ঘোষণা।
৩। পর্যায়ক্রমে অবসরগ্রহণকারী পরিচালকদের শূন্য পদে পরিচালক মনোনয়ন/নির্বাচন।
৪। ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য কোম্পানির নিরীক্ষক নিয়োগ এবং তাদের ফি নির্ধারণ।
৫। ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য কমপ্লায়েন্স নিরীক্ষক নিয়োগ এবং তাদের ফি নির্ধারণ।
৬। সভাপতির অনুমতিক্রমে আইনানুগ আলোচনাযোগ্য অন্যান্য বিষয়াদি (যদি থাকে) সম্পাদন।

পর্ষদের আদেশক্রমে,
(নাদিয়া ইসলাম)
কোম্পানি সচিব

তারিখঃ ০১-০১-২০২৬ খ্রিঃ

দ্রষ্টব্য ঃ

১) রেকর্ড ডেট: ১৪ ডিসেম্বর ২০২৫।
২) গত ১৬জানুয়ারি ২০২৪ তারিখে প্রকাশিত বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর ডিরেক্টিভ নং BSEC/ICAD/SRIC/2024/318/09 অনুযায়ী ইসিএল এর ৩৯তম বার্ষিক সাধারণ সভা হাইব্রিড সিস্টেমে অনুষ্ঠিত হবে।
৩) শেয়ারহোল্ডারগণ অনলাইনে এজিএম শুরুর ২৪ ঘন্টা পূর্ব হতে এবং এজিএম চলাকালীণ সময় তাদের যে কোন ধরণের প্রশ্ন, মন্তব্য এবং ভোট প্রদান করতে পারবেন। অনলাইন সিষ্টেমে শেয়ারহোল্ডারদের পরিচিতি নিশ্চিত করার জন্য সদস্যগণ তাদের ১৬ সংখ্যার বিও/ফলিও হিসাব নম্বর প্রদান করে অনলাইন সিষ্টেমে লগইন করতে হবে। অনলাইন সিষ্টেমের লিংক শেয়ারহোল্ডারদের-কে ই-মেইলে পাঠানো হবে এবং ইষ্টার্ন কেবল্‌স লিমিটেড এর ওয়েবসাইটে www.easterncables.gov.bd তে দেওয়া হবে।
৪) গ্রুপ'বি' শেয়ারহোল্ডারদের মধ্য হতে পরিশোধিত মূলধনের নূন্যতম ২% শেয়ারধারী আগ্রহী শেয়ারহোল্ডারগণ কে পরিচালক পদে নির্বাচিত/মনোনীত হতে ইচ্ছুক প্রার্থীগণ কে কোম্পানির শেয়ার অফিসে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার কমপক্ষে ৭(সাত) দিন পূর্বে অর্থাৎ ১৭-০১-২০২৬ সকাল ১১.০০ ঘটিকার মধ্যে নির্ধারিত ফরমে মনোনয়ন পত্র দাখিল করতে হবে। মনোনয়ন ফরম কোম্পানির শেয়ার অফিস, বিএসইসি ভবন (৫ম তলা), ১০২ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫ এ পাওয়া যাবে।
৫) শেয়ারহোল্ডারদের-কে সভা শুরুর (সকাল ১১.০০ ঘটিকার) পূর্বেই লগইন করার জন্য আমরা উৎসাহিত করছি। কারিগরী সমস্যা সমাধানের জন্য ০১৭১৯-১৪১৬১৭ মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করছি।
৬) সাধারণ সভায় অংশগ্রহণের জন্য অপারগ কোন সদস্য তাঁর পক্ষে সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের জন্য প্রক্সি নিয়োগ করতে পারবেন। ২০ টাকার রেভিনিউ ষ্ট্যাম্প সম্বলিত প্রক্সি ফরম যথাযথভাবে স্বাক্ষর করে তার স্ক্যান কপি ই-মেইলের মাধ্যমে ইসিএল এর শেয়ার অফিস eclshare1986@gmail.comএ এজিএম শুরুর ৪৮ ঘন্টা পূর্বেই পাঠাতে হবে।
৭) ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন বইয়ের সফ্‌ট কপি শেয়ারহোল্ডারগণের ই-মেইল ঠিকানায় পাঠানো হবে এবং ইসিএল এর ওয়েব সাইট www.easterncables.gov.bd-তে পাওয়া যাবে।
৮) সদস্যগণের ঠিকানা পরিবর্তন হলে সঠিক সময়ের মধ্যে কোম্পানির রেজিষ্টার্ড অফিসে জানাতে হবে।